গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .................. ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ............................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .......................................................................................................................... ১৯

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ................................................ ২০

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ................................. ৩১

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ টেকসই, নিরাপদ ও মানসম্মত মহাসড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। বিগত ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ অর্থবছরে এ বিভাগ কর্তৃক উন্নয়ন খাতে জাতীয়, আঞ্চলিক এবং জেলা মহাসড়ক মিলিয়ে সর্বমোট ৯৯৭.৩৩ কিলোমিটার মহাসড়কের ফ্লেক্সিবেল পেভমেন্ট নির্মাণ, ২,৯৩২.১৭ কিলোমিটার মহাসড়কের সার্ফেসিং, ১,৩৮৫.৯৮ কিলোমিটার মহাসড়ক প্রশস্তকরণ, ৮৪৬.১৫ কিলোমিটার মহাসড়ক মজবুতিকরণ ও ২৬,০১৯.৯১ মিটার সেতু নির্মাণ করা হয়েছে। একই সময়ে অনুন্নয়ন খাতের আওতায় ৩,৯৭৪.৭০ কিলোমিটার মহাসড়কে ওভারলে, ৯২১.১৬ কিলোমিটার কার্পেটিংসহ সিলকোট ও ৩,১৩৩.৬০ মিটার সেতু পুনঃনির্মাণ করা হয়েছে। একই সময়ে আধুনিক ও ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ পদ্ধতির অংশ হিসেবে বিআরটিএ কর্তৃক ৯,৭২,৮৭২টি যানবাহনের ডিজিটাল রেজিঃ সার্টিফিকেট ইস্যু, ১৬,৫৫,২৮১টি যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু/নবায়ন, ২১,৪১,২৫১টি ড্রাইভিং লাইসেন্স (শিক্ষানবীশ লাইসেন্সসহ) ইস্যু/নবায়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মহাসড়ক অবকাঠামো নির্মাণের গুণগত মান বজায় রাখা ও প্রত্যাশিত স্থায়ীত্বকরণ এই বিভাগের জন্য একটি বড় চ্যালেঞ্জ। বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির কারণে দেশের মহাসড়কসমূহে এক্সেল লোড নিয়ন্ত্রণ করা সম্ভব না হওয়ায় মহাসড়কসমূহ অতি দ্রুত ক্ষতিগ্রস্ত হচ্ছে। ডিটিসিএ'র প্রয়োজনীয় সক্ষমতা এবং বিভিন্ন সংস্থার প্রত্যাশিত সহযোগিতার অভাবে ঢাকা ও পার্শ্ববর্তী এলাকার পরিবহন অবকাঠামোসমূহ নির্মাণের ক্ষেত্রে সমন্বয় আশানুরুপ হচ্ছে না। বিআরটিএ'র মোটরযান পরিদর্শন কেন্দ্রসমূহ (ভিআইসি) অকার্যকর থাকায় গাড়ীর ফিটনেস সার্টিফিকেট ইস্যু বাধাগ্রস্ত হচ্ছে। ফিটনেস বিহীন গাড়ী চলাচল সম্পূর্ণ বন্ধ করা সম্ভব হচ্ছে না।এর সাথে গাড়ী চালকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সচেতনতার অভাবে সড়ক নিরাপত্তা পুরোপুরি নিশ্চিত করা যাচ্ছে না। এছাড়া বিআরটিসি'র বহরে পর্যাপ্ত সংখ্যক যানবাহন বিশেষ করে ট্রাক না থাকায় প্রতিষ্ঠানটি বাণিজ্যিকভাবে লাভজনক হচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জাতীয় মহাসড়কসমূহকে (স্লো-মুভিং ভেহিক্যালের জন্য আলাদা লেনসহ) পর্যায়ক্রমে ৪-লেনে উন্নীতকরণের পরিকল্পনা রয়েছে। মহাসড়কের দ্রুত ক্ষয় রোধে ২০২১ সালের মধ্যে ২৮ টি উৎসমুখে এক্সেল লোড নিয়ন্ত্রন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে। ঢাকা মহানগরীর যানজট নিরসনে MRT Line-6 প্রকল্প বিশেষ উদ্যোগের মাধ্যমে নির্ধারিত সময়ের পূর্বেই সম্পূর্ণ বাস্তবায়নের পাশাপাশি আন্ডারগ্রাউন্ড এন্ড এলিভেটেড সংমিশ্রনে MRT Line-1 ও MRT Line-5 এর ফিজিবিলিটি স্টাডি ও ডিটেইল্ড ডিজাইন দ্রুত সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে। বিভাগীয় শহরে ইতোপূর্বে স্থাপিত অকার্যকর ভিআইসি প্রতিস্থাপনের মাধ্যমে চালুকরণ এবং ১৭টি বৃহত্তর জেলা সদরে নতুন ভিআইসি কাম বিআরটিএ কমপ্লেক্স স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পিপিপি'র ভিত্তিতে ২১৮ কিলোমিটার দীর্ঘ ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেস ওয়ে নির্মাণের কাজ ২০১৯-২০ অর্থবছরে শুরু করার পরিকল্পনা রয়েছে।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ যথা: পদ্মা লিংক মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের ৮০%, সাসেক প্রকল্পের ৬৮% এবং কেএমজি (২য়) প্রকল্পের ৯০% বাস্তবায়ন;
- ৬২৫ কিলোমিটার মহাসড়ক মজবুতিকরণ, ৬৮০ কিলোমিটার মহাসড়ক প্রশস্তকরণ, ২৭৫০ কিলোমিটার মহাসড়ক সার্ফেসিং;
- ৬.৭০ লক্ষ মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন, ৪.৯০ লক্ষ মোটরযানের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু, ফিটনেস মেয়াদোত্তীর্ণ গাড়ীর রেজিস্ট্রেশন বাতিল ও মোটরযানের সৌন্দর্য বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ; এবং
- এমআরটি লাইন-৬ প্রকল্পের ৩০% এবং বিআরটি প্রকল্পের ৪২% কাজ বাস্তবায়ন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই মহাসড়ক ও নিরাপদ সড়ক পরিবহন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে টেকসই মহাসড়ক অবকাঠামো গড়ে তোলা এবং পরিবহন সেবা ও ব্যবস্থাপনার মান উন্নয়নের মাধ্যমে সমন্বিত নগর গণপরিবহনসহ নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থা প্রতিষ্ঠা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ
২. মোটরযান ব্যবস্থাপনার আধুনিকায়ন
৩. সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ
৪. দ্রুত গতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ
৫. আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে সড়ক পরিবহন সেবা সম্প্রসারণ
৬. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি
৭. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম;
২. জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়কসমূহের উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম;
৩. অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ মহাসড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম;
৪. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা প্রবর্তন ও পরিচালনা কার্যক্রম;
৫. নিরাপদ সড়ক নিশ্চিত করা;
৬. সমন্বিত দ্রুত গতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থার প্রবর্তন ও পরিচালনা কার্যক্রম;
৭. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে যাত্রী পরিবহন ও পণ্য পরিবহন সেবা প্রদান; এবং
৮. সড়ক পরিবহন সেক্টরে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপকে উৎসাহিত করা।

# সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| পরিবহন/ভ্রমন সময় হ্রাস | ঢাকা -চট্টগ্রাম মহাসড়কে পরিবহন/ভ্রমন সময় | ঘন্টা | ২০১৬-১৭ | ৮ | ৬.৫ | ৫.৫ | ৫ | বাংলাদেশ পুলিশ, সড়ক পরিবহন মালিক সমিতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | জয়দেবপুর - ময়মনসিংহ পরিহন/ভ্রমন সময় | ঘন্টা | ২০১৬-২০১৭ | ৩ | ২.৫ | ২ | ২ | বাংলাদেশ পুলিশ, সড়ক পরিবহন মালিক সমিতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| মোটরযান ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা প্রদানের সময় হ্রাস | ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির গড় সময় (আবেদন দাখিলের পর) | দিন | ১২০ | ৭৫ | ৬০ | ৫০ | ৪৫ | - | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদানের গড় সময় | দিন | ৭০ | ৬০ | ৪৫ | ৪০ | ৩০ | - | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| সড়ক দুর্ঘটনা হ্রাস | সড়ক দুর্ঘটনা হ্রাসের হার | শতাংশ | - | - | ১২ | ১৪ | ১৫ | স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পুলিশ ও সড়ক পরিবহন মালিক সমিতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [১] মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ | ২৮ | [১.১] জাতীয় মহাসড়ক ৪+ লেনে উন্নীতকরণ | [১.১.১] বাস্তবায়িত পদ্মা লিংক মহাসড়ক নির্মাণ প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ৩ | ২১ | ৬০ | ৮০ | ৭৮ | ৭৫ | ৭২ | ৭০ | ১০০ | ০ |
| | | | [১.১.২] বাস্তবায়িত সাসেক প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ৩ | ২৮ | ৪৩ | ৬৮ | ৬৭ | ৬৬ | ৬৫ | ৬৪ | ৯৫ | ১০০ |
| | | | [১.১.৩] বাস্তবায়িত সাসেক-২ প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ২ | ২.৪৯ | ১০ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ৪০ | ৬৫ |
| | | [১.২] মহাসড়ক পুনঃনির্মাণ | [১.২.১] পুনঃনির্মিত মহাসড়ক | কিলোমিটার | ২ | ৯৬.৬৫ | ১৩৮ | ১৪০ | ১৩৮ | ১৩৫ | ১৩০ | ১২৫ | ১৫০ | ১৬০ |
| | | [১.৩] মহাসড়ক মজবুতিকরণ | [১.৩.১] মজবুতিকরণকৃত মহাসড়ক | কিলোমিটার | ২ | ৪১৬.৬১ | ৫৮৮ | ৬২৫ | ৬২০ | ৬১৫ | ৬১০ | ৬০৫ | ৬৫০ | ৬৭৫ |
| | | [১.৪] মহাসড়ক প্রশস্তকরণ | [১.৪.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক | কিলোমিটার | ২ | ৪৪৫.৫৬ | ৬৫০ | ৬৮০ | ৬৭৫ | ৬৭০ | ৬৬০ | ৬৫০ | ৭০০ | ৭২৫ |
| | | [১.৫] মহাসড়ক সার্ফেসিং | [১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | কিলোমিটার | ২ | ২৩৩৯.২৩ | ২১৭০ | ২৭৫০ | ২৭০০ | ২৬৫০ | ২৬০০ | ২৫০০ | ২৫০০ | ২৮০০ |
| | | [১.৬] জাতীয় গুরুতপূর্ণ সেতু/ফ্লাইওভার নির্মাণ | [১.৬.১] বাস্তবায়িত কেএমজি (২য়) প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ২ | ২০ | ৪৫ | ৯০ | ৮৮ | ৮৫ | ৮২ | ৮০ | ১০০ | |
| | | | [১.৬.২] বাস্তবায়িত পায়রা সেতু প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ২ | ১৭ | ২৫ | ৫৪ | ৫৩ | ৫২ | ৫১ | ৫০ | ৮০ | ১০০ |
| | | | [১.৬.৩] বাস্তবায়িত ভুলতা ফ্লাইওভার প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | শতাংশ | ২ | ৫১ | ৭৫ | ১০০ | | | | | | |
| | | [১.৭] সেতু ও কালভার্ট নির্মাণ/ পুনঃনির্মাণ | [১.৭.১] নির্মিত সেতু ও কালভার্ট | মিটার | ২ | ৪৬৩৬.৪০ | ২৭১৫ | ২৮৫০ | ২৮০০ | ২৭৫০ | ২৭১৫ | ২৬০০ | ২৯০০ | ৩০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| | | | [১.৭.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট | মিটার | ১ | ২১৯১.২৮ | ১৫৫৬ | ২১৫০ | ২১০০ | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ২১০০ | ২২০০ |
| | | [১.৮] উন্নয়ন কার্যক্রম তদারকি | [১.৮.১] মনিটরিং টিমের ভিজিট | সংখ্যা | ৩ | | ৯০ | ৯৫ | ৯২ | ৮৮ | ৮৫ | ৮০ | ৮০ | ৮৫ |
| [২] মোটরযান ব্যবস্থাপনার আধুনিকায়ন | ১৩ | [২.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [২.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ২ | ৪.১৬ | ৪.৮০ | ৪.৯০ | ৪.৮০ | ৪.৬০ | ৪.৫০ | ৪.৪০ | ৪.৬৫ | ৪.৭০ |
| | | [২.২] সড়ক যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [২.২.১] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ২ | ৫.২০ | ৫.১০ | ৫.৭৫ | ৫.৭০ | ৫.৬০ | ৫.৪০ | ৫.২০ | ৫.৮০ | ৬.০০ |
| | | | [২.২.২] ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ১ | ০.৭৫ | ০.৯৪ | ০.৯৫ | ০.৯২ | ০.৯০ | ০.৮৫ | ০.৮০ | ১.০০ | ১.১০ |
| | | [২.৩] মোটর সাইকেলের ট্যাক্স টোকেন দশ বছর মেয়াদান্তে যাচাইকরণ | [২.৩.১] ট্যাক্স টোকেন যাচাইকৃত মোটর সাইকেল | সংখ্যা | ১ | ০ | ৫৫০ | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ৪০০০ | ৫০০০ |
| | | [২.৪] মোটরযান কর ও ফি আদায় | [২.৪.১] সংগৃহীত রাজস্ব | কোটি টাকা | ২ | ১৪৬৫.২৫ | ১৫৯০ | ১৬২৬ | ১৬২০ | ১৬০০ | ১৫৯০ | ১৫৮০ | ১৮০০ | ১৯০০ |
| | | [২.৫] ফিটনেস মেয়াদোত্তীর্ণ গাড়ীর রেজিস্ট্রেসন বাতিল | [২.৫.১] রেজিস্ট্রেসন বাতিলকৃত গাড়ী | সংখ্যা (হাজার) | ১ | | ৫৫ | ৮২ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯০ | ১২০ |
| | | | [২.৫.২] ডাটাবেইজ হালনাগাদকৃত | তারিখ | ১ | | | ৩১.০৫.১৯ | ০৬.০৬.১৯ | ১৩.০৬.১৯ | ২০.০৬.১৯ | ২৭.০৬.১৯ | | |
| | | [২.৬] যানবাহনের সৌন্দর্য বৃদ্ধিকরণ | [২.৬.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ২ | | ১৫ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯০ | ১২০ | ১৫০ |
| | | | [২.৬.২] স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভা | সংখ্যা | ১ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [৩] সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ | ১২ | [৩.১] পেশাদার চালকদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত (রিফ্রেসার) পেশাদার চালক | সংখ্যা (হাজার) | ২ | ৫২.৬৭ | ১০০ | ১২০ | ১১০ | ১০৫ | ১০০ | ৯৫ | ১২০ | ১৩০ |
| | | [৩.২] ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রদত্ত জনবল | সংখ্যা (হাজার) | ২ | ৮.১২ | ৯.০ | ১২ | ১১.৫০ | ১১.০০ | ১০.৫০ | ১০ | ১২ | ১৩ |
| | | [৩.৩] মোবাইল কোর্ট পরিচালনা | [৩.৩.১] রুজুকৃত মামলা | সংখ্যা | ১ | ৩৭২৪২ | ২২৫০০ | ৩০০০০ | ২৮০০০ | ২৬০০০ | ২৪০০০ | ২৩০০০ | ৩০০০০ | ৪০০০০ |
| | | [৩.৪] জনসচেতনতা সৃষ্টি | [৩.৪.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সংখ্যা | ১ | ৬০ | ৬০ | ৬০ | ৫৯ | ৫৮ | ৫৭ | ৫৬ | ৬০ | ৬০ |
| | | [৩.৫] ব্ল্যাক স্পট চিহ্নিতকরণ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ | [৩.৫.১] স্থাপনকৃত ডাইরেকশনাল সাইন-সিগন্যাল ও কিলোমিটার পোস্ট | সংখ্যা | ২ | | | ২৫০০ | ২৪০০ | ২৩০০ | ২২০০ | ২১০০ | ২৬০০ | ২৭০০ |
| | | | [৩.৫.২] মার্কিংকৃত মহাসড়ক | কিলোমিটার | ১ | | ৪৯১ | ৭৫০ | ৭২৫ | ৭০০ | ৬৭৫ | ৬৫০ | ৮০০ | ৮৫০ |
| | | | [৩.৫.৩] মহাসড়কের আন্তঃবাঁক এ অপসারণকৃত দৃষ্টি প্রতিবন্ধক | কিলোমিটার | ১ | | | ৫০০ | ৪৭৫ | ৪৫০ | ৪২৫ | ৪০০ | ৬০০ | ৬৫০ |
| | | [৩.৬] এক্সেল লোড কন্ট্রোল স্টেশন স্থাপন | [৩.৬.১] ডিপিপি অনুমোদন | তারিখ | ১ | | | ৩১.০১.১৯ | ১৪.০২.১৯ | ২৮.০২.১৯ | ১৪.০৩.১৯ | ২৮.০৩.১৯ | | |
| | | [৩.৭] মহাসড়ক অবৈধ দখলমুক্ত করণ | [৩.৭.১] অভিযান পরিচালনার মাধ্যমে উদ্ধারকৃত ভূমি | হেক্টর | ১ | | | ৫৫ | ৫৩ | ৫০ | ৪৮ | ৪৫ | ৬০ | ৬৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] দ্রুত গতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ | ৮ | [৪.১] ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ নির্মাণ | [৪.১.১] বাস্তবায়িত এমআরটি লাইন-৬ প্রকল্প (ক্রমপঞ্জিভুত) | শতাংশ | ৩ | ১ | ১৫ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ৫০ | ১০০ |
| | | [৪.২] ম্যাস র‍্যাপিড ট্রানজিট লাইন ১ নির্মাণ | [৪.২.১] টিপিপি অনুমোদন (ইএস) | তারিখ | ১ | | | ৩০.০৯.১৮ | ০৭.১০.১৮ | ১৪.১০.১৮ | ২১.১০.১৮ | ২৮.১০.১৮ | | |
| | | [৪.৩] ম্যাস র‍্যাপিড ট্রানজিট লাইন ৫ নির্মাণ | [৪.৩.১] ডিপিপি চূড়ান্তকরন(ইএস) | তারিখ | ১ | | | ৩০.১২.১৮ | ০৬.০১.১৯ | ১৩.০১.১৯ | ২০.০১.১৯ | ২৭.০১.১৯ | | |
| | | | [৪.৩.২] সাউদার্ন পার্টের প্রাক সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন | তারিখ | ১ | | | ০৯.০৫.১৯ | ১৬.০৫.১৯ | ২৩.০৫.১৯ | ৩০.০৫.১৯ | ১৩.০৬.১৯ | | |
| | | [৪.৪] বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) নির্মাণ | [৪.৪.১] বাস্তবায়িত বিআরটি প্রকল্প (ক্রমপঞ্জিভুত) | শতাংশ | ১ | | ২৪ | ৪২ | ৪০ | ৩৮ | ৩৫ | ৩০ | ৯০ | ১০০ |
| | | [৪.৫] ইন্টারসেকসান ডেভলাপমেন্ট | [৪.৫.১] আইটিএস স্থাপন সম্পন্নকরণ | তারিখ | ১ | | | ৩০.০৪.১৯ | ১৫.০৫.১৯ | ৩০.০৫.১৯ | ১৬.০৬.১৯ | ৩০.০৬.১৯ | | |
| [৫] আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে সড়ক পরিবহন সেবা সম্প্রসারণ | ৬ | [৫.১] আন্তর্জাতিক রুট সমীক্ষা/ট্রায়াল রান | [৫.১.১] একটি রুট সমীক্ষা/ট্রায়াল রান সম্পাদনা | তারিখ | ২ | | | ৩০.০৪.১৯ | ১৫.০৫.১৯ | ৩০.০৫.১৯ | ১৩.০৬.১৯ | ২৭.০৬.১৯ | | |
| | | [৫.২] বিআরটিসি'র বাসবহরের মাধ্যমে যাত্রী ও মালামাল পরিবহন | [৫.২.১] অভ্যন্তরীণ রুটে পরিবহনকৃত যাত্রী | সংখ্যা (লক্ষ) | ১ | | ৩৮০ | ৪০০ | ৩৯৫ | ৩৯০ | ৩৮৫ | ৩৮০ | ৪৫০ | ৫০০ |
| | | | [৫.২.২] পরিবহনকৃত মালামাল | পরিমান (হাজার টন) | ১ | | ১৪০ | ১৬০ | ১৫৮ | ১৫৫ | ১৫২ | ১৫০ | ১৬৫ | ১৭০ |
| | | [৫.৩] বিআরটিসি'র রাজস্ব সংগ্রহ | [৫.৩.১] বিআরটিসি'র নিজস্ব সংগৃহীত রাজস্ব | কোটি টাকা | ১ | | | ৩১০ | ৩০০ | ২৯০ | ২৮০ | ২৭০ | ৩৭৫ | ৪০০ |
| | | | [৫.৩.২] আন্তর্জাতিক রুটে বাস পরিচালনায় অর্জিত রয়্যালটি | কোটি টাকা | ১ | | ২.০ | ৩.৬০ | ৩.৫০ | ৩.৪০ | ৩.৩০ | ৩.২০ | ৪.৫ | ৫.০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৬] সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ৪ | [৬.১] গবেষণা/সমীক্ষা কার্যক্রম পরিচালনা করা | [৬.১.১] সম্পাদিত গবেষণা/সমীক্ষা | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [৬.২] সড়ক উন্নয়ন, মেরামত ও সংরক্ষণ এবং মনিটরিং সফটওয়্যার প্রস্তুতকরণ | [৬.২.১] প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা সফটওয়্যার প্রস্তুতকৃত | তারিখ | ১ | | | ০৩.০২.১৯ | ১০.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৪.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | | [৬.২.২] রোড হিস্ট্রি সফটওয়্যার প্রস্তুতকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ৩০.০১.১৯ | ১৪.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [৬.৩] প্রশিক্ষণ প্রতিষ্ঠান শক্তিশালী করা | [৬.৩.১] সার্কি সফটওয়্যার প্রয়োগ করে পেভমেন্ট ডিজাইন এর উপর প্রশিক্ষণ সম্পাদন | তারিখ | ১ | | | ১৪.০৩.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | ৩০.০৪.১৯ | ১৫.০৫.১৯ | | |
| [৭] উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি | ৪ | [৭.১] পিপিপি'র ভিত্তিতে ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৭.১.১] বিনিয়োগকারীদের সংক্ষিপ্ত তালিকা প্রণয়নের লক্ষ্যে আরএফকিউ ইস্যু | তারিখ | ১ | | | ৩০.০৯.১৮ | ১৫.১০.১৮ | ৩০.১০.১৮ | ১৫.১১.১৮ | ২৯.১১.১৮ | | |
| | | [৭.২] পিপিপি'র ভিত্তিতে ঢাকা বাইপাস ৪-লেনে উন্নীতকরণ | [৭.২.১] বিনিয়োগকারীর সাথে চুক্তি স্বাক্ষর | তারিখ | ১ | | | ৩১.১০.১৮ | ০৮.১১.১৮ | ১৫.১১.১৮ | ২২.১১.১৮ | ২৯.১১.১৮ | | |
| | | [৭.৩] পিপিপি'র ভিত্তিতে রামপুরা-আমুলিয়া-ডেমরা-চিটাগাং রোড এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৭.৩.১] আরএফপি অনুমোদন | তারিখ | ১ | | | ৩০.০৪.১৯ | ০৯.০৫.১৯ | ২০.০৫.১৯ | ৩০.০৫.১৯ | ১৩.০৬.১৯ | | |
| | | [৭.৪] পিপিপি প্রকল্প বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি | [৭.৪.১] পিপিপি বিষয়ে আয়োজিত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০১.১৯ | ১৭.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.১৯ | ১৮.০৩.১৯ | ২৫.০৩.১৯ | ০১.০৪.১৯ | ০৮.০৪.১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.১৯ | ১৭.০১.১৯ | ২৪.০১.১৯ | ২৮.০১.১৯ | ৩১.০১.১৯ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | [১.৫.১] হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ০৭.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] অভিযোগ নিস্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | | [১.৭.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [২] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | [২.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ১ | - | - | - | - | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | [২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৬] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | [২.৬.১] নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৮.১] নিয়োগ প্রদানকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.২.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫.১০.১৮ | ২৯.১০.১৮ | ১৫.১১.১৮ | ২৯.১১.১৮ | ১৩.১২.১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [৪] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৪.১] অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | [৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | | | ২৪.০৬.১৮ | ২৬.০৬.১৮ | ২৮.০৬.১৮ | | | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | [৪.২.১] মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | | | ১৯.০৮.১৮ | ২৭.০৮.১৮ | ২৯.০৮.১৮ | ০৩.০৯.১৮ | ০৫.০৯.১৮ | | |
| | | [৪.৩] দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান | [৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | | | ৩১.০১.১৯ | ০৭.০২.১৯ | ১০.০২.১৯ | ১১.০২.১৯ | ১৪.০২.১৯ | | |
| | | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | | | ৬০ | - | - | - | - | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | ০৪ জুলাই ২০১৮<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৭.২০১৮<br>তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ডিটিসিএ | ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি |
| ২ | কেএমজি | কাঁচপুর সেতু, মেঘনা সেতু এবং গোমতী সেতু |
| ৩ | এমআরটি | ম্যাস র‍্যাপিড ট্রানজিট |
| ৪ | বিআরটি | বাস র‍্যাপিড ট্রানজিট |
| ৫ | এডিপি | অ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৬ | আরএফআইডি | রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশান |
| ৭ | বিআরটিএ | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি |
| ৮ | সাসেক | সাউথ এশিয়ান সাব-রিজিওনাল কো-অপারেশন |
| ৯ | আইটিএস | ইনটেলিজেন্ট ট্রাফিক সিস্টেম |
| ১০ | বিআরটিসি | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেসন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] জাতীয় মহাসড়ক ৪+ লেনে উন্নীতকরণ | [১.১.১] বাস্তবায়িত পদ্মা লিংক মহাসড়ক নির্মাণ প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | ৫৫.০০ কিলোমিটার দীর্ঘ ঢাকা-পদ্মা সেতু-ভাংগা মহাসড়ক ধীর গতির যানবাহনের জন্য পৃথক সার্ভিস লেনসহ ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের (যা পদ্মা লিংক মহাসড়ক নামে পরিচিত) বাস্তবায়ন চলমান রয়েছে। | এসডব্লিউও-পশ্চিম, বাংলাদেশ সেনাবাহিনী | প্রকল্পের বাস্তব অগ্রগতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.২] বাস্তবায়িত সাসেক প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | সাউথ এশিয়ান সাব-রিজিওনাল কো-অপারেশন (সাসেক) এর আওতায় উভয় পাশে সার্ভিস লেনের ব্যবস্থা রেখে ৭০ কিলোমিটার দীর্ঘ জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণের (সাসেক-১) কাজ চলমান। সম্প্রতি এ প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে। সংশোধিত প্রকল্পের প্রাক্কলন মোতাবেক ২০১৮-১৯ লক্ষ্যমাত্রা ও অন্যান্য অর্জন নির্ধারণ করা হয়েছে। | সড়ক ও জনপথ অধিদপ্তর | প্রকল্পের বাস্তব অগ্রগতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.৩] বাস্তবায়িত সাসেক-২ প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | সাউথ এশিয়ান সাব-রিজিওনাল কো-অপারেশন (সাসেক) এর আওতায় উভয় পাশে সার্ভিস লেনের ব্যবস্থা রেখে ১৯০ কিলোমিটার দীর্ঘ এলেঙ্গা-হাটিকুমরুল-রংপুর মহাসড়ক ৪ লেনে উন্নীতকরণ প্রকল্প (সাসেক-২) বাস্তাবায়ন কাজ চলমান | সড়ক ও জনপথ অধিদপ্তর | প্রকল্পের বাস্তব অগ্রগতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মহাসড়ক পুনঃনির্মাণ | [১.২.১] পুনঃনির্মিত মহাসড়ক | বিদ্যমান পেভমেন্ট সম্পূর্ণরূপে অপসারণ করে নতুন ডিজাইন অনুযায়ী পুনঃনির্মাণ। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] মহাসড়ক মজবুতিকরণ | [১.৩.১] মজবুতিকরণকৃত মহাসড়ক | সড়ক পেভমেন্ট এর উপরিভাগের এক বা একাধিক ক্ষতিগ্রস্ত ও দুর্বল স্তরকে (সার্ফেসিং ব্যতীত) নতুন করে নির্মাণ করা। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৪] মহাসড়ক প্রশস্তকরণ | [১.৪.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক | বিদ্যমান পেভমেন্ট এর একদিকে বা উভয়দিকে নতুন ডিজাইন অনুযায়ী পেভমেন্ট নির্মাণ। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদ |
| [১.৫] মহাসড়ক সার্ফেসিং | [১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | পেভমেন্ট এর উর্দ্ধস্তরে বিটুমিনাস অংশ সংস্কার ও পুনঃনির্মাণ (কার্পেটিং) করা। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] জাতীয় গুরুত্বপূর্ণ সেতু/ফ্লাইওভার নির্মাণ | [১.৬.১] বাস্তবায়িত কেএমজি (২য়) প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়কে বিদ্যমান ২ লেনবিশিষ্ট কাঁচপুর, মেঘনা ও গোমতী সেতুর উপর দিয়ে অভ্যন্তরীণ ও আন্তঃদেশীয় ক্রমবর্ধমান পণ্য ও যাত্রীবাহী যানবাহনের সংখ্যা বিবেচনায় বৈদেশিক সহায়তায় একই মহাসড়কে ৪-লেনবিশিষ্ট ৩টি সেতু যথাক্রমে ২য় কাঁচপুর, ২য় মেঘনা ও ২য় গোমতী সেতু (কেএমজি-২য়) নির্মাণ কাজ চলমান। | সড়ক ও জনপথ অধিদপ্তর | প্রকল্পের বাস্তব অগ্রগতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৬.২] বাস্তবায়িত পায়রা সেতু প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | বাস্তবায়নাধীন পায়রা সমুদ্রবন্দর, জেলা শহর পটুয়াখালী ও সমুদ্র সৈকত কুয়াকাটার সঙ্গে নিরবচ্ছিন্ন মহাসড়ক যোগাযোগ স্থাপনের লক্ষ্যে ঢাকা-মাওয়া-ভাংগা-বরিশাল-পটুয়াখালী জাতীয় মহাসড়কে লেবুখালী নামক স্থানে পায়রা নদীর উপর বৈদেশিক সহায়তায় পায়রা সেতু নির্মাণ কাজ চলমান। | সড়ক ও জনপথ অধিদপ্তর | প্রকল্পের বাস্তব অগ্রগতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৬.৩] বাস্তবায়িত ভুলতা ফ্লাইওভার প্রকল্প (ক্রমপুঞ্জিভুত) | দু'টি গুরুত্বপূর্ণ জাতীয় মহাসড়ক (ঢাকা-সিলেট ও ঢাকা-বাইপাস) এবং দু'টি আঞ্চলিক মহাসড়ক (ভুলতা-রূপগঞ্জ এবং ভুলতা-আড়াইহাজার) এর সংযোগস্থল ভুলতা বাজার এলাকার যানজট নিরসনে ঢাকা-সিলেট মহাসড়কে ৪-লেন বিশিষ্ট ১২৩৮ মিটার দীর্ঘ গ্রেড সেপারেটেড ফ্লাইওভার নির্মাণ কাজ চলমান। | সড়ক ও জনপথ অধিদপ্তর | প্রকল্পের বাস্তব অগ্রগতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৭] সেতু ও কালভার্ট নির্মাণ/ পুনঃনির্মাণ | [১.৭.১] নির্মিত সেতু ও কালভার্ট | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ১৫০০ মিটার পর্যন্ত সেতু নির্মাণ করে থাকে। মহাসড়কে প্রয়োজন অনুযায়ী নতুন অ্যালাইনমেন্ট এ সেতু ও কালভার্ট নির্মাণ করা। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] সেতু ও কালভার্ট নির্মাণ/ পুনঃনির্মাণ | [১.৭.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ১৫০০ মিটার পর্যন্ত সেতু নির্মাণ করে থাকে। ক্ষতিগ্রস্ত বিদ্যমান সেতু ও কালভার্ট অপসারণ করে পুনঃনির্মাণ করা। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] উন্নয়ন কার্যক্রম তদারকি | [১.৮.১] মনিটরিং টিমের ভিজিট | জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ২৩টি মনিটরিং টিম গঠন করা হয়েছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মকর্তা এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রকৌশলীগণের সমন্বয়ে টিমসমূহ গঠিত। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | মনিটরিং টিম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [২.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট | ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড যার উভয় পার্শ্বে গাড়ী ও মালিকানা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য, গাড়ীর মালিকের ছবি ও নিরাপত্তা ফিচার প্রিন্টেড থাকে। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়্যার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.২] সড়ক যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [২.২.১] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | মটরযান রাস্তায় চলাচলের উপযুক্ততার নিশ্চয়তা বিধান করতে পরিদর্শন সাপেক্ষে প্রতিবছর ইস্যুকৃত সার্টিফিকেট নবায়ন করা হয়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়্যার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে বার্ষিক প্রতিবেদন |
| | [২.২.২] ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট | মটরযান রাস্তায় চলাচলের উপযুক্ততার সার্টিফিকেট হিসেবে ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়্যার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] মোটর সাইকেলের ট্যাক্স টোকেন দশ বছর মেয়াদান্তে যাচাইকরণ | [২.৩.১] ট্যাক্স টোকেন যাচাইকৃত মোটর সাইকেল | মটর সাইকেলের রেজিস্ট্রেশনের সময় সাধারণত এককালীন ১০ বছরের সড়ক কর আদায় করা হয়। ১০ বছর অতিক্রান্ত হওয়ার পর এ সকল মটরসাইকেলের কত সংখ্যক সড়কে চলাচল করছে তা যাচাই করার লক্ষ্যে "১০ বছর অতিক্রান্ত হওয়ার পর সড়ক কর প্রযোজ্য নয়" সিল প্রদানের উদ্যোগ গ্রহন করা হয়েছে। একই সাথে মটরসাইকেল সড়কে চলাচলের উপযোগিতাও যাচাই করা হবে। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | যাচাইকৃত মটরসাইকেলের হিসাব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] মোটরযান কর ও ফি আদায় | [২.৪.১] সংগৃহীত রাজস্ব | বিআরটিএ সাধারণত মোটরযান রেজিস্ট্রেশন ও মালিকানা হস্তান্তর বাবদ সড়ক কর, ড্রাইভিং লাইসেন্স ফি এবং অন্যান্য খাতে রাজস্ব আদায় করে থাকে। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়্যার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৫] ফিটনেস মেয়াদোত্তীর্ণ গাড়ীর রেজিস্ট্রেসন বাতিল | [২.৫.১] রেজিস্ট্রেসন বাতিলকৃত গাড়ী | ফিটনেস মেয়াদোত্তীর্ণ গাড়ীর রেজিস্ট্রেশন বাতিল। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়্যার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৫.২] ডাটাবেইজ হালনাগাদকৃত | রেজিস্ট্রেশন বাতিলের তথ্য সংযোজনপূর্বক ডাটাবেজ হালনাগাদকরণ। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়্যার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] যানবাহনের সৌন্দর্য বৃদ্ধিকরণ | [২.৬.১] পরিচালিত অভিযান | ঢাকা মহানগরীতে চলাচলরত পরিবহনের সৌন্দর্য বর্ধণের লক্ষ্যে পরিবহন সেক্টরের সাথে সম্পৃক্ত স্টেকহোল্ডারদের উদ্বুদ্ধ করতে সভা অনুষ্ঠান। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | অনুষ্ঠিত সভার সংখ্যা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বর্ষিক প্রতিবেদন |
| | [২.৬.২] স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভা | ঢাকা মহানগরীতে চলাচলরত রঙ চটা ও ভাংগা পাবলিক বাসের সৌন্দর্য বর্ধণের লক্ষ্যে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশ। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] পেশাদার চালকদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত (রিফ্রেসার) পেশাদার চালক | পেশাগত দায়িত্ব ও কর্তব্য এবং সড়ক নিরাপত্তা বিষয়ে সচেতনতামূলক রিফ্রেসার প্রশিক্ষণ প্রদান। | বাংলাদেশ সড়ক পরিবহন অথরিটি (বিআরটিএ) | অংশগ্রহণকারীর সংখ্যার হিসাব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বর্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.২] ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ প্রদত্ত জনবল | ড্রাইভিং শিখতে ইচ্ছুক জনসাধারণকে কারিগরী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ পেশাদার ও অপেশাদার চালক তৈরী করা হয়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | প্রশিক্ষণার্থীর সংখ্যা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বর্ষিক প্রতিবেদন |
| [৩.৩] মোবাইল কোর্ট পরিচালনা | [৩.৩.১] রুজুকৃত মামলা | সড়ক পরিবহন সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণের উদ্দ্যেশে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়। এর ফলে সড়ক নিরাপত্তা বৃদ্ধি পায়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | রুজুকৃত মামলার সংখ্যা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বর্ষিক প্রতিবেদন |
| [৩.৪] জনসচেতনতা সৃষ্টি | [৩.৪.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা ও সেমিনারের আয়োজন। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | প্রতিবেদন পর্যালোচনা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৫] ব্ল্যাক স্পট চিহ্নিতকরণ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ | [৩.৫.১] স্থাপনকৃত ডাইরেকশনাল সাইন-সিগন্যাল ও কিলোমিটার পোস্ট | সড়ক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে মহাসড়কসমূহে প্রয়োজনীয় নির্দেশনা সম্বলিত সাইন সিগন্যাল স্থাপন ও কিলোমিটার পোস্ট নির্মাণ। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন সংখ্যা নির্ধারণ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৫.২] মার্কিংকৃত মহাসড়ক | সড়ক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে মহাসড়কসমূহে প্রয়োজনীয় মার্কিং করা। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৫.৩] মহাসড়কের আন্তঃবাঁক এ অপসারণকৃত দৃষ্টি প্রতিবন্ধক | সড়ক নিরাপত্তা জোড়দারকরণের লক্ষ্যে মহাসড়কসমূহের আন্তঃবাঁক এ দৃষ্টি প্রতিবন্ধকতা সৃষ্টিকারী গাছ-পালা, বিলবোর্ড বা যে কোন ধরণের স্থাপনা অপসারণা | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৬] এক্সেল লোড কন্ট্রোল স্টেশন স্থাপন | [৩.৬.১] ডিপিপি অনুমোদন | গুরুত্বপূর্ণ মহাসড়কে পণ্য পরিবহনের উৎসমুখে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করে অনুমোদিত সীমার অতিরিক্ত পণ্য পরিবহন রোধ করে সড়কের নির্ধারিত আয়ুষ্কালের আগেই সড়কসমূহের ক্ষতিগ্রস্ততা রোধ করার উদ্দেশ্যেএকটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। এ প্রকল্পের আওতায় ২০২১ সালের মধ্যে দেশের মহাসড়ক নেটওয়ার্কের গুরুত্বপূর্ণ ২৮ টি স্থানে এক্সেল লোড কন্ট্রোল স্টেশন স্থাপন করা হবে। | সড়ক ও জনপথ অধিদপ্তর | অনুমোদনের তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৭] মহাসড়ক অবৈধ দখলমুক্ত করণ | [৩.৭.১] অভিযান পরিচালনার মাধ্যমে উদ্ধারকৃত ভূমি | জাতীয় মহাসড়কসমূহ অবৈধ দখলমুক্ত করার লক্ষ্যে উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। উচ্ছেদ অভিযানের মাধ্যমে সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন ভূমি উদ্ধার করা হয়। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ নির্মাণ | [৪.১.১] বাস্তবায়িত এমআরটি লাইন-৬ প্রকল্প (ক্রমপঞ্জিভুত) | ঢাকা মহানগরীর যানজট নিরসনে দ্রুত, নিরাপদ, শীতাতপ নিয়ন্ত্রিত ও পরিবেশ বান্ধব আধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশে বৈদেশিক সহায়তায় উত্তরা ৩য় ফেজ থেকে বাংলাদেশ ব্যাংক পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ এমআরটি লাইন-৬ নির্মাণের কাজ চলমান রয়েছে। | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) | প্রকল্পের বাস্তব অগ্রগতি | সড়ক পরিবহন মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] ম্যাস র‍্যাপিড ট্রানজিট লাইন ১ নির্মাণ | [৪.২.১] টিপিপি অনুমোদন (ইএস) | ২৬.৬০ কিলোমিটার দীর্ঘ বিমানবন্দর-খিলক্ষেত-কুড়িল-বাড়িধারা-বাড্ডা-রামপুরা-মালিবাগ-মৌচাক-রাজারবাগ-খিলক্ষেত-পূর্বাচল-কাঞ্চন সেতু রুটে এমআরটি লাইন-১ নির্মাণের লক্ষ্যে ডিটেইলড ডিজাইন কাজ সম্পাদনের জন্য টিপিপি (ইএস) অনুমোদন। | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) | অনুমোদনের তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] ম্যাস র‍্যাপিড ট্রানজিট লাইন ৫ নির্মাণ | [৪.৩.১] ডিপিপি চূড়ান্তকরন(ইএস) | ২০.৮০ কিলোমিটার দীর্ঘ হেমায়েতপুর-গাবতলী-টেকনিক্যাল-মিরপুর-১-মিরপুর-১০-কচুক্ষেত-বনানী-গুলশান-২-নতুন বাজার ভাটারা রুটে এমআরটি লাইন-৫ নির্মাণের লক্ষ্যে ডিটেইলড ডিজাইন সম্পাদনের জন্য ডিপিপি চূড়ান্তকরণ (ইএস)। | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) | চূড়ান্তকরণের তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৪.৩.২] সাউদার্ন পার্টের প্রাক সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন | এমআরটি লাইন-৫ এর সাউদার্নপার্ট নির্মাণের লক্ষ্যে প্রাক সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) | তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) নির্মাণ | [৪.৪.১] বাস্তবায়িত বিআরটি প্রকল্প (ক্রমপঞ্জিভুত) | গাজীপুর থেকে বিমানবন্দর পর্যন্ত যাতায়াত দ্রুত করার লক্ষ্যে বৈদেশিক সহায়তায় ২০ কিলোমিটার দীর্ঘ বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) নির্মাণের কাজ চলমান রয়েছে। | সড়ক ও জনপথ অধিদপ্তর | প্রকল্পের বাস্তব অগ্রগতি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৫] ইন্টারসেকসান ডেভলাপমেন্ট | [৪.৫.১] আইটিএস স্থাপন সম্পন্নকরণ | ঢাকা মহানগরীর ৪টি গুরুত্বপূর্ণ ইন্টারসেকশনে স্বয়ংক্রিয় পদ্ধতিতে যানবাহন চলাচল নিয়ন্ত্রণের লক্ষ্যে আইটিএস স্থাপন। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) | সরেজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] আন্তর্জাতিক রুট সমীক্ষা/ট্রায়াল রান | [৫.১.১] একটি রুট সমীক্ষা/ট্রায়াল রান সম্পাদনা | আন্তর্জাতিক বিভিন্ন চুক্তির আওতায় যাত্রী ও মালামাল পরিবহনের লক্ষ্যে আন্তর্জাতিক রুটে রুট সমীক্ষা/ট্রায়াল রান সম্পন্নকরণ। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | প্রতিবেদন পর্যালোচনা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] বিআরটিসি'র বাসবহরের মাধ্যমে যাত্রী ও মালামাল পরিবহন | [৫.২.১] অভ্যন্তরীণ রুটে পরিবহনকৃত যাত্রী | বিআরটিসি'র বিদ্যমান গাড়ী বহরের মাধ্যমে মোট পরিবহনকৃত যাত্রী। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | রাজস্ব আদায় ও ভাড়ার হার অনুযায়ী | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৫.২.২] পরিবহনকৃত মালামাল | বিআরটিসি'র বিদ্যমান ট্রাক বহরের মাধ্যমে মোট পরিবহনকৃত মালামাল। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন | রাজস্ব আদায় ও ভাড়ার হার অনুযায়ী | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.৩] বিআরটিসি'র রাজস্ব সংগ্রহ | [৫.৩.১] বিআরটিসি'র নিজস্ব সংগৃহীত রাজস্ব | বিআরটিসি'র নিজস্ব গাড়ী বহর, ট্রাকবহর ও প্রশিক্ষণ ইনস্টিটিউট/কেন্দ্র থেকে রাজস্ব আহরণ। বিআরটিসি'র ২০১৮-১৯ অর্থবছরের নিজস্ব বাজেট অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | আহরিত রাজস্ব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৫.৩.২] আন্তর্জাতিক রুটে বাস পরিচালনায় অর্জিত রয়্যালটি | বিআরটিসি আন্তর্জাতিক রুটে বেসরকারি অপারেটরের (পরিবহন সংস্থা) মাধ্যমে বাস পরিচালনা করে থাকে। নিয়োজিত অপারেটর ট্রিপ প্রতি নির্ধারিত হারে বিআরটিসিকে রয়্যালটি প্রদান করে থাকে। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | অর্জিত রয়্যালটির হিসাব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৬.১] গবেষণা/সমীক্ষা কার্যক্রম পরিচালনা করা | [৬.১.১] সম্পাদিত গবেষণা/সমীক্ষা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর কর্তৃপক্ষ সংস্থায় কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন বিষয়ে গবেষনা/সমীক্ষা কার্যক্রম গ্রহন করার উদ্যোগ নেওয়া হয়েছে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সম্পাদিত গবেষণার সংখ্যা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৬.২] সড়ক উন্নয়ন, মেরামত ও সংরক্ষণ এবং মনিটরিং সফটওয়্যার প্রস্তুতকরণ | [৬.২.১] প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা সফটওয়্যার প্রস্তুতকৃত | সড়ক পরিহন ও মহাসড়ক বিভাগের গৃহীত প্রকল্পসমূহের আর্থিক ব্যবস্থাপনা (যেমন প্রকল্পের বরাদ্দ, চাহিদা, এডিপি অনুযায়ী বরাদ্দ, অগ্রগতি, সমাপ্তির সময়সীমা ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি) সফটওয়্যার প্রস্তুতকরণ। | সড়ক পরিহন ও মহাসড়ক বিভাগ | সফটওয়্যার প্রচলনের তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৬.২] সড়ক উন্নয়ন, মেরামত ও সংরক্ষণ এবং মনিটরিং সফটওয়্যার প্রস্তুতকরণ | [৬.২.২] রোড হিস্ট্রি সফটওয়্যার প্রস্তুতকৃত | মহাসড়কসমূহের রোড হিস্ট্রি (সড়কের উন্নয়ন, মেরামত ও সংরক্ষণের বিভিন্ন তথ্যাদি সম্বলিত) সফটওয়্যার প্রস্তুতকরণ। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সফটওয়্যার প্রচলনের তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৬.৩] প্রশিক্ষণ প্রতিষ্ঠান শক্তিশালী করা | [৬.৩.১] সার্কি সফটওয়্যার প্রয়োগ করে পেভমেন্ট ডিজাইন এর উপর প্রশিক্ষণ সম্পাদন | আরএইচডি ট্রেনিং সেন্টারে সার্কি সফটওয়্যার প্রয়োগ করে পেভমেন্ট ডিজাইন এর উপর সকল নির্বাহী প্রকৌশলীদের প্রশিক্ষণ প্রদান। | সড়ক ও জনপথ অধিদপ্তর | প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৭.১] পিপিপি'র ভিত্তিতে ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৭.১.১] বিনিয়োগকারীদের সংক্ষিপ্ত তালিকা প্রণয়নের লক্ষ্যে আরএফকিউ ইস্যু | পিপিপি'র ভিত্তিতে ২১৮ কিলোমিটার দীর্ঘ ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে নির্মাণের লক্ষ্যে বিনিয়োগকারীদের সংক্ষিপ্ত তালিকা প্রণয়নের জন্য আরএফকিউ ইস্যু। | সড়ক ও জনপথ অধিদপ্তর | ইস্যুর তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৭.২] পিপিপি'র ভিত্তিতে ঢাকা বাইপাস ৪-লেনে উন্নীতকরণ | [৭.২.১] বিনিয়োগকারীর সাথে চুক্তি স্বাক্ষর | পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে জয়দেবপুর-দেবগ্রাম-ভুলতা-মদনপুর মহাসড়কটি (ঢাকা-বাইপাস) ৪-লেনে উন্নীতকরণের জন্য বাছাইকৃত বিনিয়োগকারীর সাথে চুক্তি স্বাক্ষর। | সড়ক ও জনপথ অধিদপ্তর | চুক্তি স্বাক্ষরের তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৭.৩] পিপিপি'র ভিত্তিতে রামপুরা-আমুলিয়া-ডেমরা-চিটাগাং রোড এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৭.৩.১] আরএফপি অনুমোদন | পিপিপি খাতে হাতিরঝিল-রামপুরা-বনশ্রী-আমুলিয়া-ডেমরা এক্সপ্রেসওয়ে নির্মাণের লক্ষ্যে আরএফপি অনুমোদন। | সড়ক ও জনপথ অধিদপ্তর | অনুমোদনের তারিখ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৭.৪] পিপিপি প্রকল্প বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি | [৭.৪.১] পিপিপি বিষয়ে আয়োজিত প্রশিক্ষণ | পিপিপি প্রকল্প বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এ বিভাগের কর্মকর্তাদের পিপিপি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | প্রশিক্ষণ জন ঘন্টা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|